CREA

ক্রিয়া
2/14, শান্তিনিকেতন দ্বিতীয়তল
নিউ দিল্লী -110 021
ভারত
টেলিফোন : 91-11-2411 7983, 91-11-2411 4733
টেলিফ্যাক্স : 91-11-2411 3209
www.creaworld.org

CREA

ক্রিয়া
নিউ ইর্য়ক
355 ,লেক্সিংটন অ্যাভেনিউ, তৃতীয়তল
নিউ ইর্য়ক, এন ওয়াই - 10017
ইউ এস এ
টেলিফোন : 1-212-599-1071

changing the way we live – violence free
Narika
1-800-215-7308

নারিকা
পি ও বক্স 14014
বার্কলে, সি এ 94712
ইউ এস এ
টেলিফোন :1-800-215-7308
www.narika.org

API Legal Outreach
Formerly Nihonmachi Legal Outreach

এশিয়ান প্যাসিফিক ইজল্যান্ডার লীগ্যাল আউটরীচ
1188 ফ্র্যাংকলিন স্ট্রীট, সুট 202
স্যান ফ্রানসিসকো, সি এ 94109
ইউ এস এ
টেলিফোন : 1-415-567-6255
www.apilegaloutreach.org


# আপনার নিজস্ব অধিকার জানুন

## ইউনাইটেড স্টেটস-এ পারিবারিক হিংস্রতা

### দক্ষিণ এশিয় মহিলাদের জন্য উপায়

# পারিবারিক হিংস্রতা ?

পরিবারিক অত্যাচার বা অশান্তি বলতে আমরা বুঝি, পারস্পরিক সম্বন্ধ অথবা ঘরোয়া পরিধির ভেতরে যে কোন রকম কর্মকান্ড অথবা ব্যবহার যাতে শারীরিক, মৌখিক, মনোবৈজ্ঞানিক, যৌন অথবা আর্থিক ক্ষতি অথবা কষ্ট হয়। দুর্ব্যবহার কারী অন্য ব্যক্তি কে ভয় দেখাতে বা তারওপর নিয়ন্ত্রণ পাবার জন্য পারিবারিক অত্যাচার করে। শারিরিক বা মানসিক অত্যাচার কেই বোঝায় এবং এই ধরনের সমস্যা ইতররতি প্রবণ বা সমলিঙ্গ সম্পর্কে হতে পারে।

**দুর্ব্যবহারের কয়েকটি উদাহরণ নিম্নরূপ :-**

- হুমকী বা ধমকি (এর মধ্যে নির্বাসন এবং বাচচাদের অপহরণও অন্তর্ভুক্ত)
- ভয় দেখানো
- উস্কে দেওয়া
- থাপ্পর মারা
- চাইলে যৌন প্রদান করা
- দেখাশোনা করায় প্রত্যাখ্যান
- সহায়তায় প্রত্যাখ্যান
- সার্বজনিক রূপে অপমান
- আসবাব পত্র ও সম্পত্তি নষ্ট করা
- আপনাকে কষ্ট দেবার জন্য পরিবারের সদস্যদের উৎসাহিত করা
- দুর্ব্যবহারের জন্য অন্যকে দোষী সাব্যস্ত করা
- উৎপীড়ন
- ধাক্কা দেওয়া
- গলা টেপা
- সবাইকার কাছ থেকে আলাদা করে দেয়া
- অনাদর করা
- লাথি মারা
- ঈর্ষা ব্যক্ত করা

**দুর্ব্যবহার কারী (নী) নিম্নরূপ হতে পারে :-**

- স্বামী/স্ত্রী
- প্রেমিক/প্রেমিকা
- শ্বশুর-শাশুড়ী সহ পরিবারের সদস্য
- সমলিঙ্গের সাথী
- সহকর্মী
- দেখাশোনা কারী (কারিনী)
- পরিচিত
- অপরিচিত

ভাল স্ত্রী, মা, মেয়ে, বৌ, বোন বা বান্ধবী হবার জন্য আপনার চুপচাপ দুঃখ সহ্য করার কোন কারণ নেই।

# ইউনাইটেড স্টেটস্-এ কি দক্ষিণ এশিয়দের মধ্যে পারিবারিক হিংস্রতা দেখা যায় ?

- পরিসংখ্যানে জানা যায় যে ইউনাইটেড স্টেটস-এ সমস্ত প্রজাতির মহিলারাই দুর্ব্যবহারের জন্য সমান ভাবে অসুরক্ষিত।
- মোটামুটি প্রতি তিনজনের একজন মহিলা তার জীবনকালে পারিবারিক হিংসতার পরিচয় পেয়েছেন।
- পারিবারিক অত্যাচার যে কোন কারুর সাথেই হতে পারে। তার আর্থিক বা শৈক্ষিক পৃষ্ঠভূমি যাই হোক না কেন-তাতে কিছু যায় আসে না
- যারা ঐরূপ পারিবারিক হিংস্রতায় শিকার তাদের সাহায্যের জন্য ইউনাইটেড স্টেটস-এ কুড়ির চেয়ে বেশী দক্ষিণ এশিয় সংস্থা এগিয়ে এসেছে।

**পারিবারিক হিংস্রতা থেকে মুক্তি পেয়ে আসা দের জন্য**
**দক্ষিণ-এশিয় বিশেষ পরিষেবার বিশদ বিবরণের জন্য**
**অনুগ্রহ করে যোগাযোগ করুন নারিকা : (ফোন নং - 1-000-215-7308)**
**অথবা www.narika.org তে তার ওয়েব সাইট দেখুন।**

# যদি আমার ওপর দুর্ব্যবহার করা হয়ে থাকে তাহলে নিজেকে এবং আমার বাচ্চাদের বাঁচানোর জন্যে আমি কি করতে পারি ?

**পুলিশ ডাকুন**

এখনও যদি আপনি বিপদের মধ্যে থাকেন এবং আপনার প্রতি দুর্ব্যবহার কারীর যদি সম্ভাব্য অভিবাসন পরিণামের চিন্তা না থাকে, তাহলে অবিলম্বে পুলিশ কে ডাকুন (911)। তাঁদের আপনার ফোনের ওপর সুব্যবস্থা নেওয়া উচিত এবং যদি আপনার প্রতি হওয়া দুর্ব্যবহারের কোন প্রমাণ তাঁরা পান তো তাঁদের কাছে আপাতকালীন স্থগিত আদেশ জারী করবার, দুর্ব্যবহারকারী কে গ্রেপ্তার করবার, আপনাকে পারিবারিক অশান্তি, সংসাধন উপলব্ধ করানোর, এবং দুর্ব্যবহার কারীকে আপনার কাছ থেকে আলাদা রাখার অধিকার আছে। আপনি যদি ইংরাজি না বলতে পারেন তাহলে অনুবাদকের জন্য অনুরোধ জানান তমরি সাথে দূর্ব্যবহার কারীর কোন সম্পর্ক নেই।

**অবিলম্বে সুরক্ষা নিয়ে নিন**

নিজেকে এবং বাচ্চাদের কোন সুরক্ষিত স্থানে নিয়ে যান যেমন কোন বন্ধু অথবা আত্মীয়ের বাড়ি। আপনার যদি মনে হয় যে মারপিট কারী লোকটি আপনাকে খুঁজে পেতে পারে তো প্রতাড়িত মহিলাদের আশ্রয়গৃহ কে ফোন করুন।

**(জাতীয় ঘরোয়া হিংসা হটলাইন) 1-800-799-SAFE(7233) -এ ফোন করে আপনি ইউনাইটেড স্টেটস্ -এ নিজ ক্ষেত্রের প্রতাড়িত মহিলাদের আশ্রয়গৃহের নম্বর পেতে পারেন।**

**যে কোন ধরণের আঘাতই হোক না কেন, রিপোর্ট করুন :**

ডাক্তার, হাসপাতাল অথবা স্বাস্থ্য ক্লিনিকে গিয়ে পরীক্ষা করান। যদি জরুরী মনে হয় তো ফটো তুলে নিন। আপনার চিকিৎসা রিপোর্ট গোপনীয় এবং ইউ এস সিটিজেন্স অ্যান্ড ইমিগ্রেশন (U.S. Citizenship and Immigration Services-USCIS) যা পূর্বে ইমিগ্রেসন অ্যান্ড ন্যাচারালাইজেশন (Immigration & Naturalization Service INS) নামে পরিচিত ছিল, কে দেখানো হবে না।

নিকটবর্তী পুলিশ স্টেশনে গিয়ে রিপোর্ট করুন। যে কোন রিপোর্টে আপনাকে সাহায্য প্রদান কারী অফিসার বা ডাক্তারের নাম ও নম্বর লিখে রাখুন।

**আদালতী তথ্য সূচনা এবং সহায়তা গ্রহণ করুন :**

পারিবারিক আইন এবং সার্বজনীন সুবিধাগুলি পারিবারিক অত্যাচারের শিকার হওয়া লোকেদের ওপরও প্রযোজ্য হয়। আপনি কাউন্সিলের, সমাজসেবী অথবা চিকিৎসকের কাছ থেকেও পরামর্শ নিতে পারেন।

**আপনার স্থাগন আদেশ লাভ করার অধিকার আছে :**

আদালতের আদেশ একটি আইনগত দলিল, যার অনুসারে দুর্ব্যবহার কারী আপনাকে অথবা আপনার পরিবারের কারুর কোন ক্ষতি করতে পারে না। যদি দুর্ব্যবহার কারী আদালতের এই আদেশের উল্লংঘন করে তো পুলিশ তাকে গ্রেফতার করতে পারে। আপনার অথবা হিংসক মারপীট কারী ব্যক্তি-র অনাবাসী পরিস্থিতি যাই হোক না কেন, আপনি স্থাগন আদেশ লাভ করতে পারেন। আদালত আপনার পরিস্থিতি সমন্ধে জিজ্ঞাসা করতে বা INS কে জানাতে পারে না।

# আমরা কি করে বুঝবো যে কারোর ওপর দুর্ব্যবহার করা হয়েছে ?

**বন্ধু, পরিবার এবং পাড়াপড়শীর অন্যান্য লোকেরা:**

- তাঁদের হাতে ও মাথায় অস্বাভাবিক আঘাত। দুর্ব্যবহার কারী ভুক্তভোগীদের জেনেশুনে এমন জায়গায় আঘাত করে যেখানে অন্যদের চট করে নজরে পড়ে না।
- তাঁরা আপনাকে দুর্ব্যবহার বিষয়ে বলেন
- তাঁর ফোন আপনিও পান না এবং তিনিও ফোন করতে পারছেন না
- তাঁদের বাড়ি কোন লোকজনের আসা যাওয়া নেই
- নিজের স্বামীর মেজাজ বোঝার চেষ্টা করেন।

**কর্মচারী এবং সহকর্মী**

- ঘনঘন কাজে কামাই করে
- তার কার্যক্ষমতায় পরিবর্তন আসা
- তার বার বার অস্বাভাবিক আঘাত লাগা
- তার কাজের জায়গায় হুমকি বা উপদ্রব কারীদের ফোন কিংবা লোকেদের দেখা করতে আসা।
- তাঁরা আপনাকে দুর্ব্যবহার বিষয়ে বলেন

# আমি যদি জানতে পারি যে কারুর প্রতি দুর্ব্যবহার করা হচ্ছে, তাহলে আমি কি কি করতে পারি ?

**সোচ্চার হ'ন :**

চুপ করে থাকলে দুর্ব্যবহার কারীর বিশ্বাস হয়ে যায় যে দুর্ব্যবহার করা ঠিক কাজ। পুলিশ ডাকলে এই সংকেত পাওয়া যায় যে এ ধরণের দুর্ব্যবহার কে বরদাস্ত করা হবে না। দুর্ব্যবহার থেকে মুক্তি পেয়ে চলে আসা ব্যক্তিদের বাস্তবিক রূপে দুর্ব্যবহার কে বুঝতে সাহায্য করুন। আপনি যদিও এটা বলতে পারেন না যে তারা কি সিদ্ধান্ত নেবেন, তবুও আপনি শুনে এবং নিম্নলিখিত দ্বারা সহায়তা করতে পারেন।

- দুর্ব্যবহার থেকে বেঁচে ফিরে আসাদের সঙ্গে অন্য বিকল্প সম্পর্কে কথাবার্তা বলুন-যদি এর পর তার সাথে দুর্ব্যবহার করা হয় তাহলে তাঁর কি করা উচিত যেমন কোন সুরক্ষিত জায়গায় যাওয়া।
- সার্বজনীন সংসাধনের তথ্য সূচনা তার সঙ্গে ভাগ করে নেওয়া।
- তাকে বলুন যে জরুরী দস্তাবেজ গুলির সঙ্গে সে একটি সুরক্ষিত জায়গায় রাখতে যাতে সে তাড়াতাড়ি বেড়িয়ে আসতে পারে। ব্যাগের মধ্যে জন্ম, বিবাহ এবং অভিবাসন প্রমানপত্র, পরিচয়পত্র, চাবি, ব্যাঙ্কের বই এবং ঠিকানা থাকা অতিআবশ্যক।

# স্থগন আদেশটি কি ?

স্থগন আদেশ একটি আইনী দস্তাবেজ অর্থাৎ আদালতের আদেশ, যা অনুসারে দুর্ব্যবহার কারী আপনার যা আপনার পরিবারের কারুর ক্ষতি করতে পারবে না। দুর্ব্যবহার কারী কেউ যদি আদালতের আদেশের অবমাননা করে তো পুলিশ তাকে গ্রেপ্তার করতে পারে।

<u>স্থগন আদেশে নিম্নলিখিতগুলি সামিল রয়েছে:</u>

- আদালতের আদেশ, যা আইনগত ভাবে দুর্ব্যবহারকারীকে আদেশ দেয় যে, সে যেন আপনাকে ভয় না দেখায়, ধমক না দেয়, আক্রমন না করে এবং আপনার সঙ্গে যোগাযোগও যেন না করে যাতে আপনার শান্তি বিঘ্নিত হতে পারে।
- আদালতের আদেশ, যা দুর্ব্যবহারকারী কে বলে যে, সে যেন আপনার, আপনার বাড়ি, কাজ, স্কুল অথবা আপনার বাচ্চাদের থেকে দূরে থাকে।
- আদালতের আদেশ, যদি আপনার বাচ্চা থাকে তো তাদের সংরক্ষণ এবং সহায়তার অনুমতি দেয়।
- আদালতের আদেশ, যা অনুসারে দুর্ব্যবহার কারীকে যে কোন চিকিৎসার খরচ দিতে হবে যা শারীরিক দুর্ব্যবহারের পরিণামস্বরূপ হয় এবং আপনার সম্পত্তির কোন ক্ষতি হলে তার ক্ষতিপূরণ।

# দুর্ব্যবহারের রিপোর্ট করতে গেলে কি আমি কোন ঝামেলায় পড়তে পারি ?

ইউনাইটেড স্টেটস-এ অন্যকে আঘাত করা অথবা ভয় দেখানো আইনের বিরুদ্ধে, তা আপনি বিবাহিত হোন বা কারুর সঙ্গে থাকুন না কেন

আপনি যদি অনাবাসী হন তো শুধুমাত্র দুর্ব্যবহারের রিপোর্ট করার জন্য আপনাকে নির্বাসিতও করা হবে না এবং আপনার বাচ্চাদের ও আপনার কাছ থেকে ছিনিয়ে নেওয়া হবে না। আপনি অনাবাসী হলে সবচেয়ে গুরুত্বপূর্ণ হল

আপনার সম্পর্ক মিটিয়ে ফেলার জন্য আপনি আদালতের সাহায্য নেওয়া।

# আমাকে পুনরায় যদি দক্ষিণ-এশিয়ায় নির্বাসিত করার ভয় থাকে-তাহলে ?

আপনার কাছে ইউনাইটেড স্টেটস্-এ থাকার বিকল্প হতে পারে। আপনার অনাবাসী পরিস্থিতি যদি এই নিন্দনীয় সম্পর্কে থাকার কারণ হয় তাহলে অনুগ্রহ করে কোন অ্যাটর্ণীর সঙ্গে যোগাযোগ করুন যিনি আপনার বিকল্পগুলির মূল্যাংকন করতে আপনাকে সাহায্য করতে পারবেন।

**অনাবাসী পরামর্শের জন্য**
**এপি আই লিগ্যাল আউটরিচ**
**(415) 567-6255-তে যোগাযোগ করুন**

<u>মহিলাদের প্রতি অত্যাচার অধিনিয়ম 1994</u>
আপনি যদি নিম্নলিখিত মানদন্ডগুলি পূর্ণ করেন তাহলে দুর্ব্যবহার কারীর থেকে খরচ না নিয়েই আপনি আইনগত ভাবে স্থায়ী আবাস পাবার যোগ্য হতে পারেন:

- আপনি আপনার দুর্ব্যবহার কারী স্বামী-র সঙ্গে তাঁকে বিশ্বাস করে বিয়ে করেছিলেন:
- দুর্ব্যবহার কারী আপনার স্বামী ইউ এস এর নাগরিক অথবা আইনগত ভাবে স্থায়ী আবাসিক (গ্রীণ কার্ড হোল্ডার)
- আপনার স্বামীর দ্বারা আপনাকে শারীরিক কষ্ট অথবা অত্যধিক মানসিক নির্দয়তার মুখোমুখি হতে হয়;
- আপনি আপনার স্বামীর সঙ্গে ছিলেন বা থাকেন
- আপনার চরিত্র ভালো; এবং
- এই কিছুদিন হলো আপনার বিয়ে হয়েছে অথবা আপনার বিয়ে দুবছর বা তার আগে ভেঙ্গে গেছে।

<u>**স্থায়ী নিবাস থেকে শর্ত তুলেনেবার আবেদন:**</u>
আপনার কাছে যদি আগে থেকেই শর্তবদ্ধ স্থায়ী আবাস (2 বছরের সমাপ্তির তারিখের সঙ্গে) থাকে তো আপনি আপনার সঙ্গে দুর্ব্যবহার কারী স্বামী/স্ত্রীর সহায়তা কে বিনার্শতে তুলে দেবার যা হাটিয়ে দেবার যোগ্য হয়ে যেতে পারেন, যদি আপনি নিম্নলিখিত মানদন্ড গুলি পূর্ণ করেন:

- আপনি আপনার সঙ্গে দুর্ব্যবহার কারী স্বামী/ স্ত্রীর সঙ্গে তাকে বিশ্বাস করে বিয়ে করেছিলেন;
- আপনার স্বামী/ স্ত্রীর দ্বারা আপনাকে শারীরিক কষ্ট বা অত্যধিক মানসিক নির্দয়তার মুখোমুখি হতে হচ্ছে, এবং
- আপনাদের বৈবাহিক সম্পর্ক (দাম্পত্য সম্পর্ক) ভেঙ্গে গেছে

<u>**আপরাধের শিকার**</u>
VAWA -র প্রতিবিধান অনুসারে যদি পারিবারিক অত্যাচার সহ, আপনি অপরাধের শিকার হন, তাহলে আপনি ইউ ভিসা (U Visa) পেতে পারেন এবং আপনার পরিস্থিতি অনুযায়ী আইনসিদ্ধ স্থায়ী নিবাস পাবেন।
যদি আপনি প্রমান করতে পারেন যে আপনি কোন সাহায্য করেছেন বা করছেন, বা ভবিষতে কোন অপরাধ সংক্রান্ত তদন্তে সাহায্য করবেন তাহলেই আপনি ঐ সুবিধা পাবেন।